



ঢাকা বিশ্ববিদ্যালয়

বিশেষ সমাবর্তন-২০২৩

আদিষ্ট হয়ে এতদ্বারা জানানো যাচ্ছে যে, সর্বকালের সর্বশ্রেষ্ঠ বাঙালি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান-কে Doctor of Laws (Honoris Causa) (মরণোত্তর) ডিগ্রি প্রদানের লক্ষ্যে ঢাকা বিশ্ববিদ্যালয়ের বিশেষ সমাবর্তন-২০২৩ আগামী ২৬ অক্টোবর ২০২৩ তারিখ, বৃহস্পতিবার সকাল ১১:০০টায় ঢাকা বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রীয় খেলার মাঠে অনুষ্ঠিত হবে।

ঢাকা বিশ্ববিদ্যালয়ের প্রাক্তন শিক্ষার্থী ও Doctor of Laws (Honoris Causa) ডিগ্রিপ্রাপ্ত উন্নয়নের রোল-মডেলখ্যাত, আধুনিক বাংলাদেশের রূপকার বঙ্গবন্ধু-কন্যা মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা সমাবর্তন-বক্তা হিসেবে উপস্থিত থাকবেন।

মহামান্য রাষ্ট্রপতি ও ঢাকা বিশ্ববিদ্যালয়ের মাননীয় চ্যান্সেলর জনাব মো. সাহাবুদ্দিন এ সমাবর্তনে সভাপতিত্ব করবেন।

বিশেষ সমাবর্তন ২০২৩-এ অংশগ্রহণে অগ্রহী ঢাকা বিশ্ববিদ্যালয়ের বর্তমান শিক্ষার্থী, শিক্ষক, অ্যালামনাই এবং রেজিস্টার্ড গ্র্যাজুয়েটবৃন্দকে আগামী ০১ সেপ্টেম্বর ২০২৩ তারিখ, শুক্রবার থেকে ১৫ সেপ্টেম্বর ২০২৩ তারিখ, শুক্রবার-এর মধ্যে অনলাইনে নিম্নোক্তভাবে রেজিস্ট্রেশন প্রক্রিয়া সম্পন্ন করতে হবে:

বিশেষ সমাবর্তন-২০২৩ এর রেজিস্ট্রেশন প্রক্রিয়া

সম্মানিত শিক্ষকবৃন্দ

সম্মানিত শিক্ষকবৃন্দ ঢাকা বিশ্ববিদ্যালয়ের ওয়েব পোর্টালে (<https://ssl.du.ac.bd/login>) স্ব-স্ব প্রোফাইলে লগইন করে বাম পাশের "Special Convocation" মেন্যুতে ক্লিক করে রেজিস্ট্রেশন ফরমে প্রয়োজনীয় তথ্য প্রদান করার মাধ্যমে রেজিস্ট্রেশন প্রক্রিয়া সম্পন্ন করবেন।

শিক্ষার্থীবৃন্দ

শিক্ষার্থীবৃন্দ ঢাকা বিশ্ববিদ্যালয়ের ওয়েব পোর্টালে (<https://ssl.du.ac.bd/studentlogin>) স্ব-স্ব প্রোফাইলে লগইন করে বাম পাশের "Special Convocation" মেন্যুতে ক্লিক করে রেজিস্ট্রেশন ফরমে প্রয়োজনীয় তথ্য প্রদান করার মাধ্যমে রেজিস্ট্রেশন প্রক্রিয়া সম্পন্ন করবেন।

রেজিস্টার্ড গ্র্যাজুয়েটবৃন্দ

রেজিস্টার্ড গ্র্যাজুয়েটবৃন্দ <https://convocation.du.ac.bd> পোর্টালের Register মেন্যুতে ক্লিক করে নিম্নোক্ত ধাপ অনুসরণ করে রেজিস্ট্রেশন প্রক্রিয়া সম্পন্ন করতে পারবেন:

- প্রথমে Registered Graduate রেডিও বাটন সিলেক্ট করুন এবং "Next" বাটনে ক্লিক করুন।
- আপনার রেজিস্টার্ড গ্র্যাজুয়েট রেজিস্ট্রেশন নম্বর প্রদান করুন এবং "Next" বাটনে ক্লিক করুন। ঢাকা বিশ্ববিদ্যালয়ের আজীবন রেজিস্টার্ড গ্র্যাজুয়েটবৃন্দ তাদের রেজিস্টার্ড গ্র্যাজুয়েট রেজিস্ট্রেশন নম্বর https://reggrad.du.ac.bd/voter_list_lifetime সাইট থেকে জেনে নিতে পারবেন।
- পরবর্তী ধাপে আপনার অন্যান্য তথ্য প্রদান করে রেজিস্ট্রেশন প্রক্রিয়া সম্পন্ন করতে পারবেন। উল্লেখ্য, রেজিস্ট্রেশন প্রক্রিয়ার এক পর্যায়ে আপনার একটি সচল মোবাইল নম্বর, সাম্প্রতিক ছবি ও NID কার্ডের স্ক্যানড কপি প্রয়োজন হবে।

অ্যালামনাই সদস্যবৃন্দ

অ্যালামনাই সদস্যবৃন্দ <https://convocation.du.ac.bd> পোর্টালের Register মেন্যুতে ক্লিক করে নিম্নোক্ত ধাপ অনুসরণ করে রেজিস্ট্রেশন প্রক্রিয়া সম্পন্ন করতে পারবেন:

- প্রথমে Alumni রেডিও বাটন সিলেক্ট করুন এবং "Next" বাটনে ক্লিক করুন।
- ঢাকা বিশ্ববিদ্যালয়ের অ্যালামনাই অ্যাসোসিয়েশনে নিবন্ধিত লাইফ মেম্বারস ডাটাবেজ-এ আপনার যে মোবাইল নম্বরটি নিবন্ধিত রয়েছে সেই মোবাইল নম্বরটি প্রদান করুন এবং "Next" বাটনে ক্লিক করুন। উক্ত ডাটাবেজ-এ আপনার কোন মোবাইল নম্বরটি নিবন্ধিত রয়েছে তা নিশ্চিত না হলে আপনি ঢাকা বিশ্ববিদ্যালয় অ্যালামনাই অ্যাসোসিয়েশনের অফিসে যোগাযোগ করুন।
- পরবর্তী ধাপে আপনার অন্যান্য তথ্য প্রদান করে রেজিস্ট্রেশন প্রক্রিয়া সম্পন্ন করতে পারবেন। রেজিস্ট্রেশন প্রক্রিয়ার এক পর্যায়ে আপনার সাম্প্রতিক ছবি ও NID কার্ডের স্ক্যানড কপি প্রয়োজন হবে। বিশেষভাবে উল্লেখ্য যে, রেজিস্ট্রেশন সম্পন্ন করার পূর্বেই আপনার প্রদত্ত মোবাইল নম্বরটি ভেরিফাই করা হবে।

রেজিস্ট্রেশন প্রক্রিয়া সম্পন্ন করার পর শিক্ষার্থী ও শিক্ষকবৃন্দ স্ব স্ব ডায়সবোর্ড এবং রেজিস্টার্ড গ্র্যাজুয়েট ও অ্যালামনাই সদস্যবৃন্দ <https://convocation.du.ac.bd> পোর্টাল-এ লগইন করে স্যুভেনির সংগ্রহের রসিদ এবং রেজিস্ট্রেশন ফরম ডাউনলোড করতে পারবেন।

শিক্ষকগণ স্যুভেনির সংগ্রহের রসিদ জমা দিয়ে আগামী ২৩ ও ২৫ অক্টোবর ২০২৩ তারিখ সোমবার ও বুধবার সকাল ১০:০০টা হতে বিকাল ৪:০০টা পর্যন্ত নবাব নওয়াব আলী চৌধুরী সিনেট ভবন থেকে স্যুভেনির, আমন্ত্রণপত্র ও কস্টিউম সংগ্রহ করবেন। রেজিস্টার্ড গ্র্যাজুয়েট ও অ্যালামনাই সদস্যবৃন্দ ডাউনলোডকৃত ফরমের কপি জমা দিয়ে একই তারিখ, সময় ও স্থান থেকে স্যুভেনির ও আমন্ত্রণপত্র সংগ্রহ করবেন।

শিক্ষার্থীবৃন্দ স্যুভেনির সংগ্রহের রসিদ জমা দিয়ে আগামী ২৩ ও ২৫ অক্টোবর ২০২৩ তারিখ সোমবার ও বুধবার সকাল ১০:০০টা হতে বিকাল ৪:০০টা পর্যন্ত স্ব-স্ব অনুষদ থেকে স্যুভেনির ও আমন্ত্রণপত্র সংগ্রহ করবেন।

শিক্ষার্থী, শিক্ষক, রেজিস্টার্ড গ্র্যাজুয়েট এবং অ্যালামনাই প্রত্যেক ক্যাটাগরিতে আসন সংখ্যা নির্ধারিত। ফলে যেকোনো ক্যাটাগরিতে নির্ধারিত সংখ্যক রেজিস্ট্রেশন সম্পন্ন হওয়ার সাথে সাথে উক্ত ক্যাটাগরি রেজিস্ট্রেশন স্বয়ংক্রিয়ভাবে বন্ধ হয়ে যাবে।

প্রশাসনিক ভবন
ঢাকা বিশ্ববিদ্যালয়

To All Teachers
website
Notice board
2.2khatun
3/9/23

স্বাক্ষরিত/- ৩০-০৮-২০২৩
প্রবীর কুমার সরকার
রেজিস্ট্রার
ঢাকা বিশ্ববিদ্যালয়